”প্রতিদিন অন্তত একবার কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েব সাইট (www.bteb.gov. bd) ভিজিট করুন এবং আপনার প্রতিষ্ঠানের ইমেল ওপেন করুন”

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ- কৃষি/টেক্স: শাখা
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
**web site : www.bteb.gov. bd**

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩১৩.০০২.২২-১৫৭ তারিখ : ২৯-০৯-২০২২খ্রিঃ

## বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ডিপ্লোমা ইন এগ্রিকালচার, ফিসারিজ (প্রবিধান ২০১১), ডিপ্লোমা ইন লাইভস্কট (প্রবিধান ২০১৬) ডিপ্লোমা ইন ফরেস্ট্রি (প্রবিধান ১৪) শিক্ষাক্রমের ৩য় পর্ব পরিপূরক পরীক্ষা-২০২২ (পর্ব পরিকল্পনা ২০২১-২০২২) আগামি ১৭-১০-২০২২ খ্রিঃ তারিখ রোজ রবিবার হতে বোর্ড কর্তৃক নির্ধারিত কেন্দ্রে অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষার জন্য অকৃতকার্য পরীক্ষার্থীদের বিষয় ভিত্তিক পরিক্ষার্থীর সংখ্যা উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়) বরাবর জমা দিতে হবে। উক্ত পরীক্ষার ছাত্র/ছাত্রীদের সম্ভাব্য তালিকা প্রতিষ্ঠান ভিত্তিক (**Print out Copy)** বোর্ডের **Website** -এ পাওয়া যাবে। পরীক্ষায় এক বা দুই বিষয়ে তাত্বিক/ব্যবহারিক অংশে অকৃতকার্য বিষয়ের কোড নম্বর পূরণ করতঃ ছাত্র/ছাত্রীদেরকে নির্ধারিত ফি জমাদান পূর্বক স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে অন-লাইনে ফরম ফিলাপ করতে হবে। ফরম পূরণের তারিখ, সময় ২.৪ নং “ছকে” এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি উল্লেখ আছে ।

১। পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত পরীক্ষার ফি সমূহের হার :

| ক্রঃ নং | ফি এর বিবরণ | টাকার পরিমান | মন্তব্য |
|---|---|---|---|
| ক. | পরীক্ষার ফি | ২২৫/- | বোর্ড প্রাপ্য |
| খ. | কেন্দ্র ফি | ২০০/- | প্রতিষ্ঠান প্রাপ্য |
| গ. | নম্বরপত্র ফি | ৫০/- | প্রতিষ্ঠান প্রাপ্য |
| ঘ. | প্রশ্নপত্র মেইনটেন্যান্স ফি | ২০/- | বোর্ড প্রাপ্য |

### ২. শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক অকৃতকার্য পরীক্ষার্থীদের তালিকা ও ফিসমূহ বোর্ডে প্রেরণ পদ্ধতিঃ

২.১ সরকারি ও বেসরকারি ডিপ্লোমা ইন এগ্রিকালচার, ফিসারিজ, লাইভস্কট এবং ডিপ্লোমা ইন ফরেস্ট্রি শিক্ষা প্রতিষ্ঠান এর সংশ্লিষ্ট পরীক্ষার্থীর নিকট হতে আদায়কৃত বোর্ডের অংশ সমূহের সমুদয় অর্থ সোনালী ব্যাংক/সোস্যাল ইসলামী ব্যাংকের যে কোন শাখা হতে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অনুকূলে নির্ধারিত তারিখে ব্যাংক ড্রাফট করিতে হবে এবং বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক বিভাগ (কৃষি/টেক্সঃ) শাখা (৫মতলা) কর্তৃক যাচাইপূর্বক হিসাব শাখায় নির্ধারিত তারিখে জমা দিতে হবে।

২.২ অকৃতকার্য পরীক্ষার্থীদের তালিকা ও পরীক্ষার ফি বাবদ প্রদত্ত ব্যাংক ড্রাফট-এর বিবরণীর তালিকাসহ স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের একজন দায়িত্বশীল শিক্ষকের মাধ্যমে (পরীক্ষা কাজে সংশ্লিষ্ট) নির্ধারিত তারিখের মধ্যে অত্র বোর্ডে পৌছাতে হবে। তবে সংশ্লিষ্ট শিক্ষকের ভ্রমন সম্পর্কিত ব্যয় ভার শিক্ষা প্রতিষ্ঠান বহন করবে। শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রতিনিধি হিসেবে স্বাক্ষর সত্যায়িত (ফরওয়ার্ডিং) পত্র ছাড়া পরীক্ষার্থীর কাগজপত্র ও ব্যাংক ড্রাফট গ্রহণ করা হবে না।

২.৩ ২০২১ সনের নভেম্বর মাসে অনুষ্ঠিত ডিপ্লোমা ইন এগ্রিকালচার, ফিসারিজ, লাইভস্কট এবং ডিপ্লোমা ইন ফরেস্ট্রি শিক্ষাক্রমের ৩য় পর্বের পরিপূরক পরীক্ষায় এক বা দুই বিষয়ে পরীক্ষার্থীদের মধ্য হতে অনলাইনে প্রাপ্ত Probable List হতে যারা পরিপূরক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে তাদেরকে Final List এ নিয়ে যেতে হবে এবং Edit বাটনের মাধ্যমে পরিপূরক পরীক্ষার বিষয় কোড সংযোজন করে দিতে হবে। Final List এ স্বাক্ষরযুক্ত প্রিন্ট আউট কপিই পরীক্ষার ফরম পূরণ হিসেবে বিবেচ্য হবে। ৩য় পর্ব পরিপূরক পরীক্ষার প্রিন্ট আউট কপি অনুচ্ছেদ ২.৪ অনুযায়ী বর্ণিত তারিখে অত্র বোর্ডের **Website** হতে সংগ্রহ করতে হবে। ওয়েব সাইটে দেয়া তথ্যের হার্ড কপি প্রিন্ট করে নির্ধারিত স্থানে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান এবং পরীক্ষার্থীর স্বাক্ষরসহ কৃষি শাখায় জমা দিতে হবে।

২.৪ অন-লাইনে ফরম ফিলাপের তারিখ, ব্যাংক ড্রাফট করার তারিখ, প্রিন্ট-আউটের হার্ড কপি (Final list) ও ব্যাংক ড্রাফট বোর্ডে জমা প্রদান ইত্যাদি নিম্নোক্ত “ছক-১” মোতাবেক সম্পন্ন করতে হবে।

**ফরম ফিলাপের ছক (ছক-১)**

| অনলাইন (Online) এ ফরম ফিলাপ এর তারিখ | স্ব-স্ব প্রতিষ্ঠানের বিলম্ব ফি ছাড়া ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ | ৩০০/- টাকা হারে বিলম্ব ফি-সহ ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ | অকৃতকার্য পরীক্ষার্থীদের তালিকাসহ অত্রবোর্ডে ব্যাংক ড্রাফট জমা গ্রহনের শেষ তারিখ | নির্ধারিত তারিখের পর প্রতিষ্ঠান কর্তৃক ২৫০০/- জরিমানা সহ ব্যাংক ড্রাফট জমা দানের তারিখ | অত্র বোর্ড হতে প্রবেশপত্র ও পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র গ্রহনের তারিখ | প্রবেশপত্র সংশোধনের শেষ তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০৩/১০/২২খ্রি. হতে ১১/১০/২২খ্রিঃ পর্যন্ত | ১১/১০/২০২২খ্রিঃ | ১২/১০/২০২২খ্রিঃ | ১৩/১০/২০২২খ্রিঃ সকল বিভাগ | (পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমতি সাপেক্ষে) ১৬/১০/২০২২ খ্রিঃ | ১৩/১০/২০২২খ্রিঃ | ১৬/১০/২২খ্রিঃ |
| ০৬-১০-২০২২ খ্রিঃ তারিখের পূর্বেও প্রিন্ট আউট কপি ও ব্যাংক ড্রাফট বোর্ডে জমা দেয়া যাবে। (ব্যাংক খোলার দিন) | | | | | | |

উপরোক্ত ছকে বর্ণিত নির্ধারিত তারিখের মধ্যে অন-লাইনে ফরম ফিলাপ করার পর ঐ দিনই ফরম ফিলাপের ফাইনাল লিষ্টের (Final list) হার্ড কপি প্রিন্ট (Print) করতে হবে।

২.৬ ফরম পূরনের প্রিন্ট আউট কপি ও ব্যাংক ড্রাফট জমা দেওয়ার সময় পরীক্ষার্থীদের একটি পূর্ণাঙ্গ তালিকা নিম্নরূপ এবং Online এ পূরণকৃত ফরম ফিলাপ (EFF) এর Final List এ (পরীক্ষার্থীদের স্বাক্ষরযুক্ত), Total Student List এর প্রিন্ট-আউট কপি জমা দিতে হবে। Final list Print করার পর কোন Edit করা যাবে না। উল্লেখ্য, ওয়েবসাইট হতে সংগৃহিত প্রিন্ট-আউট কপি/কপির ফটোকপি অবশ্যই প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে, কারণ পরবর্তিতে উক্ত পরীক্ষার্থীদের কোন সমস্যায় প্রিন্ট আউট কপির ফটোকপিসহ অত্র বোর্ডে আবেদন করতে হবে।

| ক্রমিক নং | পরীক্ষার্থীর নাম | টেকনোলজি | রোল নম্বর | রেজি: নম্বর ও সেশন | দেয় বিষয়ের কোড | পরীক্ষার ফি | বিলম্ব ফি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |

<u>বিশেষ নির্দেশাবলী</u> :-

(ক) পরীক্ষার্থীদের নিকট থেকে কেন্দ্র ফি বাবদ ২০০/- টাকা আদায় করতে হবে যা পরীক্ষার জন্য নির্ধারিত কেন্দ্রে প্রদান করতে হবে।

(খ) বোর্ডে হার্ডকপি ও ব্যাংক ড্রাফট জমা দেওয়ার সময় উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয় শাখায়) ৮ম তলায় প্রশ্নপত্রের বিষয়ভিত্তিক চাহিদা জমা দিতে হবে।

(গ) পরীক্ষার পর অব্যবহৃত উত্তর পত্রের হিসাব পরীক্ষা শাখায় জানাতে হবে এবং পরবর্তী পরীক্ষার জন্য পূর্বের উত্তর পত্র সমন্বয় করে চাহিদা দিতে হবে।

(ঘ) অন লাইনে ফরম ফিলাপ করার সময় প্রত্যেক পরীক্ষার্থীদের নামের বিপরীতে বিষয়ের কোড নম্বর অবশ্যই পরিস্কার ভাবে উল্লেখ করতে হবে।

(ঙ) ৩য় পর্বের পরীক্ষা সমাপ্তির ১৫ দিনের মধ্যে বোর্ড কর্তৃক প্রদত্ত অনলাইনে ছাত্র/ছাত্রীদের প্রাপ্ত GPA প্রেরণ করতে হবে এবং হার্ড কপি বোর্ডে প্রেরন করে তা নিশ্চত করতে হবে।

(চ) পরীক্ষায় উত্তরপত্র ব্যবহারের একটি দৈনন্দিন রেজিস্টার সংরক্ষণ করতে হবে। অব্যবহৃত উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্র অবশ্যই পরীক্ষা শেষ হওয়ার ৭ (সাত) দিনের মধ্যে উত্তরপত্র ব্যবহার ও উদ্বৃত্ত বিবরণীসহ অত্র বোর্ডে ফেরত দিতে হবে। অন্যথায় পরবর্তী পরীক্ষার উত্তরপত্র প্রদান করা হবে না।


স্বা:/
(মোঃ কেপায়েত উল্লাহ)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ০২-৫৫০০৬৫২৫

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩১৩.০০২.২২-১৫৭(২১) তারিখ : ২৯-০৯-২০২২খ্রিঃ

সদয় অবগতি এবং যথাযথ কার্যার্থে প্রেরণ করা হলঃ

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ যুগ্ম-সচিব (কারিগরি), বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।
২. সচিব কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

৪. মহা পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর , খামারবাড়ী, ঢাকা।
৫. মহা পরিচালক, প্রাণি সম্পদ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৬. মহা পরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৭. প্রধান বন সংক্ষক, বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৮. পরিচালক (প্রশিক্ষণ উইং) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর , খামারবাড়ী, ঢাকা।
৯. পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, প্রাণি সম্পদ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
১০. সচিব/ পরিচালক (কারিকুলাম)/পরিচালক(সিবিটি এন্ড এ)/ পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. পরিচালক, আঞ্চলিক অফিস, কারিগরি শিক্ষা অধিদপ্তর, .....সকল বিভাগ।
১২. জেলা প্রশাসক (সংশ্লিষ্ট জেলা সমূহ)
১৩. অধ্যক্ষ, .......................................................................................................।
১৪. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক-১/২/৩, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৫. উপ-পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৬. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
(বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রচারের ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হলে)
১৭. সহকারি পরীক্ষা নিয়ন্ত্রক-১/২/৩, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৮. সহকারি প্রোগ্রামার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৯. সহকারি পরীক্ষা নিয়ন্ত্রক (বিতরণ), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
(সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে বিজ্ঞপ্তির তারিখ অনুযায়ী পরীক্ষার উত্তরপত্র ও পরীক্ষা সংক্রান্ত কাগজপত্র প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন)
২০. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২১. নথি।



(ইঞ্জি: মোসাঃ ছালমা আক্তার)
সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক(কৃষি/টেক্সটাইল)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ০২-৫৫০০৬৫৪৪
ই –মেইল: textile.bteb@gmail.com